



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেডপিপল্স ডেমোক্রেটিকফন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১১ এপ্রিল ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

## বৈসাবি উপলক্ষে ইউপিডিএফ-এর শুভেচ্ছা জনগণকে ঐক্যবন্ধ হওয়ার আহ্বান

পার্বত্য চট্টগ্রামবাসীদের সবচে' বৃহৎ সামাজিক ও ঐতিহ্যবাহী উৎসব বৈসাবি (বৈসুক-সাংগ্রাই-বিঝু-বিমু-সাংজ্ঞান) উপলক্ষে আজ ১১ এপ্রিল ২০১৯, বৃহস্পতিবার সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বার্তায় ইউনাইটেড পিপল্স ডেমোক্রেটিক ফন্ট (ইউপিডিএফ)-এর সভাপতি প্রসিত থীসা পার্বত্য চট্টগ্রামসহ দেশবাসীকে বৈসাবি ও নববর্ষের শুভেচ্ছা জানিয়েছেন।  
বার্তায় তিনি পাহাড়িদের মধ্যকার পথভ্রষ্ট অংশটিকে আত্মাভািতি পথ পরিহারপূর্বক সেনাচক্রের সর্বনাশা খপ্পড় থেকে বেরিয়ে আসার আহ্বান জানান এবং নতুন বছরের আগমনে জাতীয় জীবনে শুভ সূচনা ঘটাতে সকলকে ভাস্তুত্বের বন্ধনে ঐক্যবন্ধ হবার আহ্বান জানিয়েছেন।

এক কালের নৈসর্গপুরী পার্বত্য চট্টগ্রামে চৈত্রের শেষ লঞ্চে উৎসবের যে ধূম পড়ে যেত, তার বিপরীতে বর্তমান সময়ে অনুভূত হচ্ছে ক্ষেত্র, বিষাদ, চাপা আতঙ্ক মন্তব্য করে ইউপিডিএফ নেতা আরও বলেন, ‘পার্বত্য চট্টগ্রামসহ সারা দেশের পরিস্থিতি স্বাভাবিক নয়। বাস্তবিক অর্থে পাহাড়ে আনন্দ উৎসবের কোন পরিবেশ নেই, মানুষের সে মন-মানসিকতাও নেই। তাই প্রকৃত চিত্রকে আড়াল করতে সরকারি ও সেনা উদ্যোগে ব্যালি-মেলা-কনসার্ট ইত্যাদির আয়োজন করা হয়। এ ধরনের কৃত্রিম উৎসবমুখর অনুষ্ঠান সরকারি উদ্যোগে ফলাও করে প্রচার করা হয়’।

প্রদত্ত বার্তায় ইউপিডিএফ নেতা শত দৃঢ়-কষ্ট আর বৈরী পরিস্থিতিতেও বছরের বিশেষ দিনে সাধারণ মানুষের শান্তি ও স্বত্তি কামনা করেন। যত্থেষ্টমূলক মামলার কারণে কারাগারে অন্তরীণ, ঘরবাড়ি-এলাকাছাড়া নেতা-কর্মী-শুভাকাঙ্ক্ষীসহ পেশাজীবী ও শিক্ষার্থী যারা পার্বত্য চট্টগ্রামের বাইরে ও বিদেশে অবস্থান করছেন, উৎসব লঞ্চে তিনি তাদেরও শুভেচ্ছা জানান।

সংবাদ মাধ্যমে প্রদত্ত বৈসাবি শুভেচ্ছা বার্তায় ইউপিডিএফ নেতা পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত ছায়া কমিটির ভূমি জরিপ ও জেলা ও আঞ্চলিক পরিষদের নির্বাচন’ সুপারিশ বিষয়েও সংশয় প্রকাশ করে বলেন, ‘জোর জবরদস্তি, প্রেফতার, খুন-খারাবি, হাজার রকমের অনিয়ম ও ভোটের আগের রাতে ব্যালট বাক্স ভরিয়ে ফেলার এক আজব নির্বাচনের মাধ্যমে গঠিত সরকার দেশে আক্ষরিক অর্থে ফ্যাসিবাদ কায়েম করে ফেলেছে। এ সরকার ও আজ্ঞাবাহী নির্বাচন কমিশনের অধীনে গোটা নির্বাচন ব্যবস্থাটিই ভেঙ্গে পড়েছে। আন্তর্জাতিক সম্প্রদায়ের নিকট একাদশ সংসদ নির্বাচন এখনও প্রশ্নবিন্দু। সাধারণ মানুষের নিকট এ অনিয়মের নির্বাচন স্পষ্ট। কাজেই একটি বিতর্কিত নির্বাচনের মাধ্যমে গঠিত সরকার পার্বত্য চট্টগ্রামসহ দেশের জনগণের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটাতে পারে না। একটি গ্রাহণযোগ্য নির্বাচিত সরকারই এ ক্ষেত্রে ভূমিকা রাখতে পারে।

বার্তা প্রেরক

নিরব চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।